কালের কণ্ঠ

তারিখ ... 22 JUN 2016 ...
পৃ: ২ ৩ কলাম

মেডিক্যালে ভর্তি পরীক্ষা সেপ্টেম্বরে

# ভর্তি পরীক্ষা আরো নিখুঁত করার চেষ্টা চলছে : স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

মেডিক্যাল ও ডেন্টাল কলেজে এবার ভর্তি পরীক্ষা আগামী সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা আগের চেয়ে নিরাপদ ও নিখুঁতভাবে আয়োজনের চেষ্টা চলছে এবং এর জন্য নতুন কিছু পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।

গতকাল মঙ্গলবার সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ে মেডিক্যাল ভর্তি পরীক্ষাসংক্রান্ত এক বৈঠকে মন্ত্রী এসব তথ্য জানান। একই বৈঠকে বিশিষ্টজনরা মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ভর্তি ও শিক্ষা কার্যক্রমকে আরো উন্নত করতে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন। ভর্তি কোচিং বাণিজ্য বন্ধ, ভর্তি পরীক্ষার ব্যবস্থাপনাকে আরো কার্যকর করা, এইচএসসি পরীক্ষার পরপরই মেডিক্যালে ভর্তি পরীক্ষার আয়োজনের পরামর্শও দেওয়া হয়। সেই সঙ্গে প্রাইভেট মেডিক্যাল কলেজে শিক্ষা কার্যক্রমের ওপর আরো নজরদারি বাড়ানোর তাগিদ দেওয়া হয়।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'গত বছর পরীক্ষার সময় একটি চক্র প্রশ্ন ফাঁসের গুজব ছড়িয়ে যে পরিস্থিতির তৈরি করেছিল সে ব্যাপারে এবার আমরা আগে থেকেই সতর্ক থাকতে চাই। কারণ যে কঠোর নিরাপত্তাবলয়ের মধ্য দিয়ে প্রশ্ন তৈরি ও পরীক্ষার আয়োজন সম্পন্ন হয় সেখানে কোনোভাবেই প্রশ্ন ফাঁসের কোনো রকম সুযোগ থাকতে পারে না। তবু আমরা আরো সুরক্ষিত পদ্ধতি খুঁজে বের করতে চাই।'